

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৮৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - করমর্দন ও আলিঙ্গন

আরবী

وَعَن أُسَيدِ بِن حُضَيرٍ _ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ _ قَالَ: بَيْنَمَا هُوَ يُحَدِّثُ الْقَوْمَ _ وَكَانَ فِيهِ مُزَاحٌ _ بَيْنَا يُضْحِكُهُمْ فَطَعَنَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَاصِرَتِهِ بِعُودٍ فَقَالَ: مُزَاحٌ _ بَيْنَا يُضْحِكُهُمْ فَطَعَنَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَاصِرَتِهِ بِعُودٍ فَقَالَ: أَصْبِرْنِي. قَالَ: «أَصْطُبِرُ» . قَالَ: إِنَّ عَلَيْكَ قَمِيصًا وَلَيْسَ عَلَيَّ قَمِيصٌ فَرَفَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ قَمِيصِهِ فَاحْتَضَنَهُ وَجَعَلَ يُقَبِّلُ كَشْحَهُ قَالَ: إِنَّمَا أَرَدْتُ هَذَا يَا رَسُولَ الله. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৬৮৫-[৯] উসায়দ ইবনু হ্যায়র (রাঃ) নামক আনসার গোত্রীয় ব্যক্তি থেকে বর্ণিত। তিনি বলেন যে, একদিন তিনি নিজের সম্প্রদায়ের সাথে কথাবার্তা বলছিলেন এবং এর মধ্যে হাসি-তামাশা হচ্ছিল। তিনি নিজের কথাবার্তায় জনতাকে হাসাচ্ছিলেন। এমন সময় নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম একটি লাকড়ি দ্বারা তাঁর পাঁজরে খোঁচা দিলেন। তখন উসায়দ(রাঃ) বললেনঃ আপনি আমাকে খোঁচা দিয়েছেন, এখন আমাকে এর প্রতিশোধ গ্রহণ করার সুযোগ দিন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ প্রতিশোধ গ্রহণ করো। উসায়দ(রাঃ) বললেনঃ আপনার শরীর জামা দ্বারা আবৃত, অথচ আমার গায়ে জামা ছিল না। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম নিজের জামা তুলে ধরলেন। তখন উসায়দ(রাঃ) রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জড়িয়ে ধরলেন এবং তাঁর পাঁজরে চুমু দিতে লাগলেন। আর বলতে লাগলেন: হে আল্লাহর রসূল! এটাই আমি চেয়েছিলাম। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫২২৪, 'ত্ববারানী'র আল মু'জামুল কাবীর ৫৫৪, 'বায়হাক্কী'র কুবরা ১৩৯৭০।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ الرجل আর্কাবীহ গ্রন্থে الانصار كان قيه مزاح فبينما هر বর্ণনাকারী উসায়দ ইবনু হ্যায়র। আর "جامع الاصول" গ্রন্থে বর্ণিত হাদীসের মাতান ভিন্নভাবে এসেছে। যেমন, عن ابن حضير قال ان رجلا من الانصار كان فيه مزاح فبينما هر বর্ণনা থেকে স্পষ্ট বুঝা গেল যে, রিসক ব্যক্তি অন্যজন ছিল। তার ঘটনা উসায়দ বর্ণনা করেছে এভাবে যে, সে রিসক লোক ছিল এবং মানুষকে হাসাত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও তার সাথে রিসকতা করতেন। খত্ত্বাবী নিহায়াহ্ গ্রন্থে বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন, আমাকে প্রতিশোধ নেয়ার সুযোগ দিন। অতঃপর রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গায়ের কাপড় উঠালে সে তার কোমরের পাশে কটিদেশে চুম্বন করে। এ থেকে বুঝা গেল, শারী আহ্ পরিপন্থী যদি না হয় তাহলে রিসকতা করা বা শোনা যায়।

('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৫২১৫; মিশকাতুল মাসাবীহ- বোম্বায় ছাপা, ৪র্থ খন্ড, ২৮ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসায়দ ইবনু হুযায়র (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন